# আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮ : ৯

## আরবি মূল আয়াত:

وَدُّوا لَو تُدهِنُ فَيُدهِنُونَ ﴿٩﴾

## অনুবাদসমূহ:

তারা কামনা করে, যদি তুমি আপোষকামী হও, তবে তারাও আপোষকারী হবে। — আল-বায়ান

তারা চায় যে, তুমি যদি নমনীয় হও, তবে তারাও নমনীয় হবে, — তাইসিরুল

তারা চায় যে, তুমি নমনীয় হও, তাহলে তারাও নমনীয় হবে। — মুজিবুর রহমান

They wish that you would soften [in your position], so they would soften [toward you]. — Sahih International

৯. তারা কামনা করে যে, আপনি আপোষকামী হোন, তাহলে তারাও আপোষকামী হবে,

-

তাফসীরে জাকারিয়া

(৯) তারা চায় যে, তুমি নমনীয় হও। তাহলে তারাও নমনীয় হবে।[1]

[1] অর্থাৎ, তারা তো এটাই চায় যে, তুমি তাদের উপাস্যগুলোর ব্যাপারে একটু নম্র ভাব প্রকাশ কর, তাহলে তারাও তোমার ব্যাপারে নম্র ভাব অবলম্বন করবে। কিন্তু বাতিলের ব্যাপারে শিথিলতার ফল এই হবে যে, বাতিল পন্থীরা তাদের বাতিলের পূজা ছাড়তে ঢিলেমি করবে। কাজেই সত্যের ব্যাপারে শিথিলতা (দ্বীন) প্রচারের কৌশল এবং নবুঅতের দায়িত্ব পালনের কাজের জন্য বড়ই ক্ষতিকর।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5280

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন